কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



ডাউনলোড "এই যুগ অ্যাপ"



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 7 MAY 2026 ,THURSDAY | ৭ মে ২০২৬ ,বৃহস্পতিবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-154


## ৯ই মে বিজেপির শপথ গ্রহণ অনুষ্ঠান কলকাতার বিগ্রেডে



**সুরজিৎ মালিক ,এই যুগ ,হাওড়া ,৬ মে :** ৯ই মে ২০২৬, শনিবার কলকাতার ব্রিগেড ময়দানে বিজেপির শপথ গ্রহণ অনুষ্ঠান অনুষ্ঠিত হবে । বুধবার হাওড়ার "নবান্নে" সাংবাদিকদের মুখোমুখি হয়ে জানালেন রাজ্য বিজেপির সভাপতি শমীক ভট্টাচার্য। সাথে ছিলেন বিজেপি সাংসদ সৌমিত্র খান। এদিন রাজ্য বিজেপির সভাপতি শ্রমিক ভট্টাচার্য জানান , শপথ গ্রহণের দিন নিজ নিজ ক্ষেত্রে সমাজে প্রতিষ্ঠিত , জাতীয় পুরস্কারপ্রাপ্ত মানুষদের আমন্ত্রণ জানানো হবে । এদিন রাজ্যের বিভিন্ন জেলায় সন্ত্রাস নিয়ে বিজেপির রাজ্য সভাপতি বলেন পুলিশ আধিকারিকদের সাথে কথা হয়েছে এই বিষয়ে। এছাড়াও তিনি এও বলেন , বিজেপি তৃণমূলী করন হবেনা । বিজেপির দুজন কর্মী শহীদ হয়েছেন। এদিন শপথগ্রহণ অনুষ্ঠান নিয়ে বিজেপি রাজ্য সভাপতি এও বলেন বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ,গৃহ মন্ত্রী অমিত শাহ ,স্বাস্থ্যমন্ত্রী সহ ২০টি রাজ্যের মুখ্যমন্ত্রী ও সাংসদরা এই বিশেষ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন । সকাল ১০ টায় শপথগ্রহণ অনুষ্ঠান শুরু হবে । ৯ ই মে শনিবার কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মদিন। এই বিশেষ দিনেই পশ্চিমবঙ্গে সর্বপ্রথম বিজেপির মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নেবেন।

## শুভেন্দু অধিকারীর আপ্তসহায়ককে গুলি করে খুন মধ্যমগ্রামে



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,উত্তর ২৪ পরগণা ,৬ মে :** হাতে আর দুটো দিন ,তারপরই ৯ই মে বাংলার মসনদে বসতে চলেছে বিজেপি। তার আগেই বিজেপির জয়ী প্রার্থী শুভেন্দু অধিকারীর আপ্তসহায়ক চন্দ্রনাথ রথ কে গুলি করে খুন করলো দুষ্কৃতীরা । এদিন রাতে মধ্যমগ্রামের চৌমাথায় শুভেন্দু অধিকারীর আপ্তসহায়কের গাড়ি থামিয়ে খুন করার অভিযোগ। পর পর তিন রাউন্ড গুলি চালানোর অভিযোগ। হাসপাতালে নিয়ে গেলে মৃত্যু হয় চন্দ্রনাথ রথের । পয়েন্ট ব্যাঙ্ক থেকে গুলি হয় বলে সুত্র মারফত জানা যায় । মধ্যমগ্রামে যাচ্ছেন সিআরপিএফ এর ডিজি । চন্দ্রনাথ রথের উপরই ভবানীপুর কেন্দ্রের দায়িত্ব ছিল বলে জানা যাচ্ছে। মধ্যমগ্রামে পৌঁছেছেন শুভেন্দু অধিকারী।

## ভোট পরবর্তী হিংসা রুখতে তৎপর প্রশাসন



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,৬ মে :** ভোট পরবর্তী পরিস্থিতি শান্ত রাখতে শিলিগুড়িতে কঠোর অবস্থান গ্রহন করলো শিলিগুড়ি পুলিশ। বুধবার শিলিগুড়িতে উচ্চ পর্যায়ের এক বৈঠকের পর সাংবাদিক সম্মেলন করে শিলিগুড়ির পুলিশ কমিশনার সৈয়দ ওয়াকার রাজা জানান যে কোনো ধরনের হিংসা বা অশান্তির ঘটনায় জিরো টলারেন্স নীতি গ্রহন করা হয়েছে। তিনি বলেন বিজয় উল্লাসের নামে কোনোরকম হিংসা বরদাস্ত করা হবেনা। এমন কোনো ঘটনা ঘটলে সাথে সাথে আইনানুগ কঠোর ব্যবস্থা গ্রহন করা হবে।তিনি আরও জানান সাধারন মানুষের নিরাপত্তা নিশ্চিত করতে শহরের বিভিন্ন এলাকায় নজরদারি বাড়ানো হয়েছে এবং পুলিশ প্রশাসন সদা সতর্ক রয়েছে।

## নির্বাচন পরবর্তী পরিস্থিতি নিয়ে প্রশাসনের পক্ষ থেকে সাংবাদিক সম্মেলন




**সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৬ মে :** নির্বাচন পরবর্তী পরিস্থিতি নিয়ে বুধবার আলিপুরদুয়ারে সাংবাদিক সম্মেলন করলেন আলিপুরদুয়ার এর জেলাশাসক,জেলা পুলিশ সুপার ও জেলা ফোর্স কো-অর্ডিনেটর। এদিন জেলাশাসক সাংবাদিকদের জানান কোনো ধরনের হিংসা, ভাংচুর বা অগ্নিসংযোগ কোনো অবস্থাতেই বরদাস্ত করা হবেনা। এধরনের ঘটনার সাথে জড়িতদের বিরুদ্ধে কঠোরতম আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে। আইন শৃঙ্খলা, শান্তি ও সম্প্রীতি বজায় রাখার জন্য সকলের কাছে অনুরোধ রাখেন জেলাশাসক। জেলা পুলিশ সুপার জানান ভোট পরবর্তী হিংসায় মঙ্গলবার নয়টি ঘটনায় দশ জনকে ও বুধবার ষোলো জনকে গ্রেপ্তার করা হয়েছে। হিংসাত্মক কার্যকলাপে জড়িত থাকলে কোনো রাজনৈতিক রঙ না দেখে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে। তিনি আরও জানান জেলায় এখনও তেরো কোম্পানী কেন্দ্রীয় বাহিনী মোতায়েন আছে। জেলা জুড়ে বিয়াল্লিশটি কুইক রেস্পন্স টিম কাজ করছে। খবর পাওয়ার সাথে সাথে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে যাচ্ছে ও যথাযথ পদক্ষেপ গ্রহন করছে। তিনি আরও বলেন জেলায় স্বাভাবিক পরিস্থিতি বজায় রাখতে জেলা প্রশাসন ও পুলিশ প্রতিশ্রুতিবদ্ধ।

# বাঁশের সাঁকো রাতের অন্ধকারে পুড়িয়ে দিল দুষ্কৃতীরা



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৬ মে :** ভোট পরবর্তী হিংসার শিকার তপসিখাতা কালজানি নদীর বাঁশের সাঁকো, এলাকায় চরম উত্তেজনা, গ্রামের হাজার হাজার লোকের হয়রানি । গভীর রাতে  পুড়িয়ে দেওয়া হলো তপসিখাতার বাঁশের সাঁকো , রাতের অন্ধকারে দুষ্কৃতীদের তাণ্ডব,কাল রাত দুটো আড়াইটার দিকে কেউ বা কারা রাতের অন্ধকারে পুড়িয়ে দিলো অনেকদিন ধরে চর্চায় থাকা আলিপুরদুয়ার এক নম্বর ব্লকের তপসীখাতা গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত তপসীখাতা কালজানী নদীর ওপরের বাঁশের সাঁকো। ঘটনাস্থলে গিয়ে দেখা যায় যে নদীর ওপর বাঁশের সাঁকোটি একদম নদীর মাঝ বরাবর কেউ বা কারা মাঝখান থেকে পুড়িয়ে দিয়েছে।এই নদীর ওপর বাঁশের সাঁকো ছিলো বহুদিনের।এলাকাবাসীরা ক্ষুব্ধ, কারণ প্রচুর ছাত্র ছাত্রীরা এবং প্রচুর ব্যবসায়ীরা কিন্তু এই বাঁশের সাঁকোর ওপর নির্ভরশীল ।কিন্তু আজ যে ঘটনাটি ঘটলো সেটা সত্যিই অনভিপ্রেত।এই নিন্দনীয় ঘটনার জেরে ভুগতে হবে নিরপরাধ গ্রাম বাসীদের। কদিন ধরেই বিক্ষিপ্ত সব অশান্তির ঘটনা ঘটছিল, কিন্তু কাল রাতে যেটা ঘটলো সেটা পুরো গ্রামের ওপর আঘাত, কারণ  কালজানী নদীর ওপর থাকা যে বাঁশের সাঁকো সেটা অনেকদিন ধরেই আলোচনার কেন্দ্রবিন্দু হয়ে আছে, আর গত কাল রাতে তার ওপরই নেমে এলো চরম আঘাত, ছোট ছোট শিশু থেকে কলেজ ছাত্র ছাত্রীরা স্কুল কলেজ যেতে পারবেনা, যারা ছোট ব্যবসায়ী তারা নদী পার হয়ে হাটে বাজারে যেতে পারবেন না, বিশেষ করে দুর্ভোগের শিকার হবেন যারা হাসপাতালে যাবেন তারা অনেক খানি পথ ঘুরে তারপর গন্তব্যে পৌঁছবে।বিজেপির আলিপুরদুয়ার জেলা কমিটির এক্সিকিউটিভ মেম্বার দীপক কার্জী দাবী করলেন যে, এই ঘটনা ভোট পরবর্তী হিংসার ঘটনা, আমাদের পুরো গ্রাম এফেক্টেড, আমরা সঠিক তদন্ত চাই এবং গ্রামবাসীদের দাবী যে প্রকৃত দোষীদের খুঁজে বের করে উপযুক্ত শাস্তি দিতে হবে।গ্রামবাসী হিসেবে নিখিলেশ সরকার বলেন আমাদের গ্রামের কয়েক হাজার মানুষ এই বাঁশের সাঁকো ব্যবহার করে এপার ওপার হতো কিন্তু কিছু অজ্ঞাত দুষ্কৃতীর জন্যে আজ স্বাভাবিক জীবনযাপন ব্যাহত হচ্ছে।অবিলম্বে দোষীদের শাস্তি চাই এই মর্মে দাবী উঠছে,গ্রাম বাসীরা এই ঘটনার তীব্র নিন্দা জানিয়েছে।আপাতত এলাকায় পুলিশ রয়েছে কিন্তু এলাকা চাঁপা উত্তেজনা রয়েছে , পুরো এলাকা থমথমে হয়ে রয়েছে।

# বাইসনের তাণ্ডব লোকালয়ে




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৬ মে :** জঙ্গল থেকে আচমকা গ্রামে প্রবেশ করলো দুটি বাইসন। আশ্রয় নিলো এলাকারই এক ঝোপে।কালচিনি ব্লকের পূর্ব সাতালির ঘটনা। বুধবার বেলা গড়িয়ে বিকেল হলেও কাবু করা যায়নি বাইসন দুটিকে।অপরদিকে, আতংকে এলাকাবাসী। এই গ্রামের একদিকে বক্সা ব্যাঘ্র প্রকল্প ও অপরদিকে, জলদাপাড়ার জঙ্গল রয়েছে। ফলে এলাকায় সকাল থেকে মোতায়েন দুই বনবিভাগের আধিকারিকরা।তবুও ঝোপঝাড়ে লুকিয়ে থাকায় হদিস মিলছে না বাইসন দুটির। ঘটনাস্থল থেকে কিছুটা দূরত্বে রয়েছে হাই স্কুল,গ্রাম পঞ্চায়েত কার্যালয়ও। এলাকার বাসিন্দাদের কথায়, "বন্যপ্রাণীর এমন তান্ডব নিত্যদিনের ঘটনা হয়ে দাঁড়িয়েছে গ্রামে।প্রায় প্রতিনিয়ত হাতি এলাকায় তান্ডব চালায়, আর এদিন দুটি বাইসন এলাকায় প্রবেশ করেছে। বাইসন দুটো যেখানে রয়েছে সেখান থেকেই প্রতিদিন কয়েক হাজার লোক যাতায়ত করেন,ফলে দ্রুত বাইসন দুটিকে উদ্ধার না করলে অপ্রীতিকর ঘটনাও ঘটতে পারে।

# উচ্চ পর্যায়ের তদন্ত শুরু স্বনির্ভর গোষ্ঠীর ফাইল চুরি নিয়ে



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৬ মে :** বিভাগীয় তদন্ত শুরু হলো আলিপুরদুয়ার দু'নম্বর ব্লক প্রশাসনের পক্ষ থেকে স্বনির্ভর গোষ্ঠীর ফাইল চুরির ঘটনা নিয়ে। মঙ্গলবার আলিপুরদুয়ার ২ নম্বর ব্লকের টট পাড়া এক নম্বর গ্রাম পঞ্চায়েত দপ্তরের দুই সনির্ভর গোষ্ঠীর নেত্রী দিপালী দাস এবং রাখি রায় প্রচুর পরিমাণে স্বনির্ভর গোষ্ঠীর কাগজ সহ খাতা গ্রাম পঞ্চায়েত দপ্তর থেকে তাদের বাড়িতে নিয়ে আসে। শামুকতলা থানার পুলিশ এবং কেন্দ্রীয় বাহিনীর জোয়ানরা দিপালী দাসের বাড়ি থেকে উদ্ধার করে ফাইলপত্র। তাদের বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের করা হয় থানায়। বুধবার আলিপুরদুয়ার জেলা আদালতে তোলা হয়েছে তাদের। ইতিমধ্যেই বিষয়টি রাজ্য স্তরে পৌঁছে গেছে এমনটাই জানা গেছে বিশেষ সূত্রে। কোনরকম ঝুঁকি না নিয়েই আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের সমষ্টি উন্নয়ন আধিকারিক সহ প্রশাসনিক কর্তারা তদন্ত শুরু করেছেন ফাইল চুরির ঘটনা নিয়ে। আলিপুরদুয়ার দুই ব্লকের সমষ্টি উন্নয়ন আধিকারিক এবং নির্বাচন দপ্তরের অফিসার শামুকতলা থানায় গিয়ে প্রশাসনিক কর্তাদের সঙ্গে আলোচনা করে ফাইলপত্র দেখে এসেছেন। ইতিমধ্যেই ফাইল চুরির বিষয় নিয়ে ঝড় উঠেছে আলিপুরদুয়ার জেলা জুড়ে। সূত্রের খবর গত চৌঠা মে সোমবার ভোট গণনার দিনেই বিকেল চারটে নাগাদ প্রশাসনিক কর্তাদের কাছে একটি বার্তা আসে কোন সরকারি দপ্তর থেকে কোন কাগজপত্র সরানো যাবে না। সরকারি নির্দেশের ২৪ ঘন্টার মধ্যেই ফাইল চুরির ঘটনা নিয়ে আলিপুরদুয়ার জেলা থেকে শুরু করে গোটা রাজ্যে আলোচনার বিষয়বস্তু হয়ে দাঁড়িয়েছে আলিপুরদুয়ার ২ নম্বর ব্লকের টরটপাড়া এক নম্বর গ্রাম পঞ্চায়েতের স্বনির্ভর গোষ্ঠীর দুই নেত্রীর ফাইল চুরির ঘটনা। যদিও কোন প্রশাসনিক কথা বিষয়টি নিয়ে মুখ খুলতে চাইছেন না তবে উচ্চপর্যায়ে তদন্ত শুরু হয়েছে জানা গেছে বিশেষ সূত্রে।

# এলাকায় অশান্তি তৈরির অভিযোগে নয় জন গ্রেফতার



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৬ মে :** রাজনৈতিক হিংসা বাড়ছে আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের টটপাড়া এক নম্বর গ্রাম পঞ্চায়েত এবং মাঝির ডাবরি গ্রাম পঞ্চায়েত এলাকায়। তৃণমূলের দলীয় কার্যালয়ে ভেঙ্গে গুড়িয়ে দেওয়া দলীয় কার্যালয় থেকে তৃণমূলের পতাকা খুলে বিজেপির পতাকা লাগানো তৃণমূল নেতাদের দোকানে তালা দেওয়া মসজিদ এ গিয়ে হামলা করা পাশাপাশি তৃণমূল নেতাদের বাড়িতে ভাঙচুরের পাশাপাশি খড়ের পুঁজিতে অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকে। রাজনৈতিক ইতিহাস তৈরি হয়ে গেছে আলিপুরদুয়ার ২ ব্লকে। পরিবর্তন না প্রত্যাবর্তন এই নিয়ে প্রশ্ন ছিল আমজনতার। শেষ পর্যন্ত পরিবর্তন হয়েছে রাজ্যে কিন্তু জনতা কি এটাই দেখতে চেয়েছিল ? প্রশ্ন উঠেছে আমজনতার মুখ থেকেই। বুধবার রাত দশটা নাগাদ ৯ জনকে গ্রেফতার করা হয়েছে এলাকায় উত্তেজনা ছড়ানোর দায়ে। তাদের মধ্যে অধিকাংশই বিজেপি সমর্থক এমনটাই জানা গেছে পুলিশ সূত্রে। আলিপুরদুয়ার জেলা পুলিশ সুপারের নির্দেশে এলাকায় অশান্তি তৈরির অভিযোগে তাদের গ্রেপ্তার করা হয়েছে। রাজ্যের বিজেপির নেতৃত্ব যখন শান্তির বার্তা দিচ্ছেন ঠিক সেই সময়ে চরম হিংসা ছড়াচ্ছে মাঝেরডাবড়ী এবং টটপাড়া এক নম্বর গ্রাম পঞ্চায়েত এলাকায়। যদিও বিষয়টি নিয়ে চিন্তিত বিজেপির নেতৃত্বরা। তবে বিজেপির মন্ডল সভাপতি মতিলাল বর্মন জানিয়েছেন দলের পতাকা হাতে নিয়ে অশান্তি তৈরি করার চেষ্টা করলে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।

# সমস্ত সাধারণ মানুষকে নিশ্চিন্তে নিজের রাজনৈতিক দল করার আশ্বাস দিলেন দিনহাটার সদ্য নির্বাচিত বিধায়ক




**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,৬ মে :** সমস্ত সাধারণ মানুষ যাতে নিশ্চিন্তে নিজের পছন্দের রাজনৈতিক দল কে সমর্থন করেন সেই ভরসা দিলেন দিনহাটার সদ্য নির্বাচিত বিধায়ক অজয় রায় । দল করতে কোনো সমস্যা হলে সরাসরি বিধায়ক কেই জানাবেন। ভোটের ফলাফল পরবর্তী হিংসার জেরে জেলার একাধিক জায়গা থেকে হিংসার খবর পাওয়া গিয়েছে । ভোট পরবর্তী সন্ত্রাসের জেরে কয়েকটি বাড়ি তে অগ্নি সংযোগের ঘটনা ঘটেছে ।এছাড়াও দলীয় কার্যালয়ে ভাঙচুর, দখল করার মতো ঘটনা অব্যাহত রয়েছে । আজ দিনহাটা কেন্দ্রের সদ্য নির্বাচিত বিজেপি বিধায়ক অজয় রায় জনসাধারণের উদ্দেশ্যে বলেন , " জেলার একাধিক জায়গা থেকে সন্ত্রাসের খবর পাওয়া যাচ্ছে বিজেপির পতাকা হাতে নিয়ে এক শ্রেণীর মানুষ রীতিমতো তান্ডব চালাচ্ছে । বিজেপি দল এই ধরণের কোনো অশান্তি বরদাস্ত করবে না। যারা তৃণমূল দল করছেন তারা মন দিয়ে সেই দল করতে থাকুন। তাদের যদি কোনো দলীয় কার্যালয় ভেঙে গিয়ে থাকে বিধায়ক নিজে দাঁড়িয়ে থেকে সেগুলো তৃণমূল দলের হাতে তুলে দেবেন বলে আশ্বাস দেন। যারা অশান্তি করার চেষ্টা করছেন তাদের উদ্দেশ্যে তিনি বার্তা দেন সাবধান হবার জন্য নতুবা তাদেরকে চিহ্নিত করে প্রশাসনের হাতে তুলে দেওয়া হবে এবং প্রশাসন প্রয়োজনীয় আইনানুগ পদক্ষেপ গ্রহণ করবেন।

# নিষিদ্ধ মাদক সহ গ্রেপ্তার এক



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,৬ মে :** শিলিগুড়ি পুলিশের স্পেশাল অপারেশন গ্রুপ ও মাটিগাড়া থানার পুলিশের একটি যৌথ দল নির্ভরযোগ্য সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে মঙ্গলবার রাতে মাটিগাড়া থানার অন্তর্গত বিশ্বাস কলোনিতে অভিযান চালিয়ে এক ব্যক্তিকে গ্রেপ্তার করে। ধৃত ব্যক্তির হেফাজত থেকে উদ্ধার হয় চারশো বারো গ্রাম ব্রাউন সুগার, একটি এন্ড্রয়েড ফোন ও নগদ পাঁচ হাজার টাকা। ধৃত ব্যক্তির নাম মহম্মদ শফিউদ্দিন ওরফে শফি (৩০)। পুলিশ সূত্রে জানানো হয় মাদক উদ্ধার থেকে গ্রেপ্তারি পর্ব সমস্ত প্রক্রিয়াটি এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে সম্পন্ন করা হয়েছে। ধৃতের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে পুলিশ ধৃতকে বুধবার আদালতে পেশ করে ও ঘটনার পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে।



EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |